

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৫.২০.০২২.১৬-৭১৫

তারিখঃ ২০/০৮/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ জিআর চাল ও জিআর ক্যাশ বরাদ্দ।

- সূত্রঃ (১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১১.১৫-৩৬৬, তারিখঃ ১৯/০৮/২০১৭ খ্রিঃ।  
(২) উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর এর স্মারক নং-৫১.০১.৮৫৫৮.০০০.৪১.০০৩.১৬-২২০, তারিখঃ ১৬.৮.১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০১৭-২০১৮ অর্থ বছরে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ/বন্যা পরিস্থিতি মোকাবেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ {অনুচ্ছেদ ৭ (খ) ও (গ) (জিআর)} অনুসরণ করে বাংলাদেশ জাতীয় সংসদের নির্বাচনী এলাকা ২৩, রংপুর-৫ এলাকার বন্যায় ক্ষতিগ্রস্ত দুস্থদের মাঝে বিতরণের জন্য তাঁর বরাবর জেলার পার্শ্ব প্রদত্ত পরিমাণ জিআর চাল এবং জিআর ক্যাশ এতদ্বারা বরাদ্দ দেয়া হলোঃ

ক্রঃনং	জেলার নাম	জিআর চাল এর পরিমাণ	জিআর ক্যাশ এর পরিমাণ
০১.	রংপুর	১০০.০০০ (একশত) মে:টন	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা

- ২। জেলা প্রশাসক, বরাদ্দকৃত জিআর চাল এবং জিআর ক্যাশ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর অনুচ্ছেদ ৭ (খ) ও (গ) জিআর মোতাবেক প্রাকৃতিক দুর্যোগ/বন্যায় ক্ষতিগ্রস্তদের মধ্যে বরাদ্দ/বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ৩। বরাদ্দকৃত জিআর চাল এবং জিআর ক্যাশ চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের ০৩-৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ কার্যক্রম সাধারণ-৫৯০০- সাহায্য মঞ্জুরী, ৫৯৪৭ জিআর চাল, ৫৯৭৫ ঘূর্ণিঝড় পুনর্বাসন মঞ্জুরী খাত হতে নির্বাহ করা হবে।
- ৪। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর চাল/ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় অবহিত করতে হবে।
- ৫। জেলা প্রশাসক বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে Upload করাসহ উপজেলার অনুকূলে জারীকৃত উপ-বরাদ্দ পত্রও তাঁর ওয়েবসাইটে Upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দ পত্র Upload করতে হবে।
- ৬। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

জেলা প্রশাসক,

রংপুর।

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২২.১৬-৭১৫

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। জনাব এইচ এন আশিকুর রহমান, এমপি, ও সভাপতি, জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ।
- ৪। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা। তাঁকে সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারীর জন্য অনুরোধ করা হলো।
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে Upload সহ ই-মেইল মারফত সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রংপুর-তাঁকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর চাল/জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় অবহিত করতে অনুরোধ করা হ'ল।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর।
- ৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(অরুণেন্দ্র কিশোর চক্রবর্তী)

উপ-পরিচালক (ত্রাণ-১)

ফোনঃ ৯৮৬০৩৬০।

E-mail: [islameftekharul@yahoo.com](mailto:islameftekharul@yahoo.com)

তারিখঃ ২০/০৮/২০১৭ খ্রিঃ।

(অরুণেন্দ্র কিশোর চক্রবর্তী)

উপ-পরিচালক (ত্রাণ-১)